প্রতিবেদন

গত সাতদিন

(২৯.০৭.২০১৪–০৪.০৮.২০১৪)

২০০০ ডেস্ক

পোশাক শিল্প

তোবা গ্রুপের শ্রমিকদের অনশন আন্দোলন

তিন মাসের বকেয়া বেতন, ওভারটাইম ও ঈদ বোনাসের দাবিতে সাত দিন ধরে অনশন করছেন তোবা গ্রুপের পাঁচ কারখানার পোশাক শ্রমিকরা। অনশনের অষ্টম দিনে ৪ আগস্ট পর্যন্ত অসুস্থ হয়েছেন ১০১ শ্রমিক। নতুন করে পাঁচজনকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। সব মিলিয়ে হাসপাতালে আছেন ১৫ শ্রমিক।

ঈদের আগের দিন ২৮ জুলাই থেকে তোবা গ্রুপের ১ হাজার ৬০০ শ্রমিক অনশন করলেও সরকার বা তৈরি পোশাক মালিকদের সংগঠন বিজিএমইএ থেকে সমস্যার সমাধানে তাৎক্ষণিক কোনো পদক্ষেপ নেয়া হয়নি। এমনকি তাদের কোনো প্রতিনিধিও সেখানে যাননি।

ঈদের আগের দিন ইফতারের পর থেকেই হোসেন মার্কেটের সপ্তম তলায় গার্মেন্টস শ্রমিক ঐক্য ফোরামের নেতৃত্বে আমরণ অনশন শুরু করেন তোবা গ্রুপের পাঁচ কারখানার শ্রমিকরা। তোবা গ্রুপ গত জানুয়ারি থেকে জুন পর্যন্ত ছয় মাসে ৩৯ কোটি টাকার পোশাক রফতানি করেছে। নতুন কার্যাদেশ পেয়েছে দুই কোটি টাকার। রফতানি উন্নয়ন ব্যুরো ও মালিক পক্ষ এই তথ্য দিলেও গ্রুপের পাঁচ কারখানার ১ হাজার ৬০০ শ্রমিক বেতন-ভাতা পাচ্ছেন না। মে, জুন ও জুলাই মাসের বেতন, ওভারটাইম এবং ঈদ বোনাস বাবদ শ্রমিকদের পাওনা ৪ কোটি ১৩ লাখ ৭৭ হাজার ১২৭ টাকা। তোবা গ্রুপের পাঁচ কারখানার শ্রমিকরা বিজিএমইএর মধ্যস্থতায় দুই মাসের মজুরি পাবেন ৬ আগস্ট, আর কারখানা কর্তৃপক্ষ জুলাই মাসের মজুরি দেবে ১০ আগস্ট। একই সঙ্গে তারা এক মাসের ওভারটাইম ও ঈদ বোনাস অনতিবিলম্বে পরিশোধ করবে। দিনভর মন্ত্রী, প্রতিমন্ত্রী ও শ্রমিকনেতাদের সঙ্গে বৈঠকের পর পোশাক মালিকদের সংগঠন বিজিএমইএ ৩ আগস্ট বিকালে সংবাদ সম্মেলন করে এ ঘোষণা দেয়। তবে এ ঘোষণা প্রত্যাখ্যান করেছেন অনশনরত শ্রমিকরা। তারা বলছেন, একসঙ্গে তিন মাসের বেতন-ভাতা না দেয়া পর্যন্ত এ অনশন চলবে। এদিকে তোবা গ্রুপ শ্রমিক সংগ্রাম কমিটি ৫ আগস্ট বিজিএমইএ কার্যালয় ঘেরাওয়ের কর্মসূচি দিয়েছে। ৩ আগস্ট হোসেন মার্কেটের সাত তলায় অনশনস্থলে সংবাদ সম্মেলন করে এ ঘোষণা দেয়া হয়।

তোবা গ্রুপের শ্রমিকদের বকেয়া বেতন-বোনাস অবিলম্বে দেয়ার দাবিতে ৪ আগস্ট প্রেসক্লাবের সামনে শ্রমিকদের ৩০টি সংগঠনের নেতা-কর্মীরা প্রতীকী অনশন করেন। সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এ অনশন চলে।

পাওনা মজুরি আদায়ের দাবিতে অনশনরত তোবা গ্রুপের শ্রমিকরা

গণমাধ্যম

জাতীয় সম্প্রচার নীতিমালার খসড়া অনুমোদন

৪ আগস্ট সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে জাতীয় সম্প্রচার নীতিমালার খসড়া অনুমোদন করা হয়েছে। এতে সশস্ত্র বাহিনী বা আইন-শৃঙ্খলা বাহিনীর ভাবমূর্তি নষ্ট করতে পারে অথবা সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হতে পারে এ রকম সংবাদ প্রচারের ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। তাছাড়া টেলিভিশনের টকশোতেও 'বিভ্রান্তিকর বা অসত্য' তথ্য প্রচারের ওপর নিষেধাজ্ঞাও জারি করা হয়েছে। অনুমোদিত নীতিমালায় ৭টি অধ্যায় রয়েছে।

দুর্ঘটনা

৩শ যাত্রী নিয়ে মাওয়ায় লঞ্চডুবি

মুন্সীগঞ্জের মাওয়া-কাওড়াকান্দি নৌপথে মাওয়া ঘাটে পদ্মা নদীতে ৪ আগস্ট তিন শতাধিক যাত্রী নিয়ে পিনাক-৬ নামের একটি লঞ্চ ডুবে গেছে। ওইদিন বেলা সাড়ে ১১টার দিকে এ দুর্ঘটনা ঘটে। বেলা ২টা পর্যন্ত দুজনের লাশ উদ্ধার করা হয়। ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রী থাকায় প্রচণ্ড স্রোতের কবলে পড়ে লঞ্চটি ডুবে গেছে বলে ধারণা করা হচ্ছে। ঘটনাস্থল থেকে ১১০ যাত্রীকে জীবিত অবস্থায় উদ্ধার করা হয়েছে।

ট্রেনের ধাক্কায় ১১ বরযাত্রীর মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারোবাজার রেলক্রসিংয়ে ১ আগস্ট ভোরে বরযাত্রীবাহী বাসের সঙ্গে ট্রেনের সংঘর্ষে ১১ জন নিহত হয়েছেন। এদের মধ্যে একই পরিবারের তিনজন সদস্য রয়েছেন। আহত হয়েছেন অন্তত ৪০ জন। আলাদা গাড়িতে থাকায় রক্ষা পান বর তাপস বিশ্বাস ও কনে জোসনা বিশ্বাস। বারোবাজার রেলক্রসিং অতিক্রম করার সময় সৈয়দপুর থেকে খুলনাগামী সীমান্ত এক্সপ্রেস ট্রেনটি বরযাত্রীবাহী বাসটিকে ধাক্কা দেয়। বাসটি রেললাইনের ওপর আড়াআড়িভাবে পড়ে গেলে ট্রেনটি সেটিকে বেশ কিছুদূর ঠেলে নিয়ে যায়। এতে ঘটনাস্থলেই নয়জন নিহত হন। হাসপাতালে নেয়ার সময় মারা যান আরো দুজন।

উৎসব

উদযাপিত হলো ঈদ

এক মাস সিয়াম সাধনার পর যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য ও আনন্দ-উৎসবের মধ্য দিয়ে ২৯ জুলাই পবিত্র ঈদুল ফিতর উদযাপন করেছে দেশের মুসলমান সম্প্রদায়। এটি মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব। ঈদের প্রধান ধর্মীয় অনুষঙ্গ ঈদগাহ ও মসজিদে মসজিদে জামাতে ঈদের নামাজ আদায় করেন মুসল্লিরা। সারাদেশে সকালে পথে পথে ছিল নতুন পোশাক পরা নানা বয়সের মানুষের ঈদগাহ ও মসজিদমুখী যাত্রা। আর দিনভর চলেছে বাড়ি বাড়ি ঘুরে আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়। দেশজুড়ে পথের মোড়ে মোড়ে কিশোর-তরুণ-যুবকদের জমিয়ে আড্ডা, ঐতিহ্যবাহী মেলা, খেলাধুলা, নানা ধরনের যানবাহনে চড়ে দলবেঁধে হইহই করে

সপ্তাহের উক্তি

'অনেক বড় জায়গা থেকে ষড়যন্ত্র হচ্ছে।'
শেখ হাসিনা, প্রধানমন্ত্রী
কৃষক লীগ আয়োজিত রক্তদান কর্মসূচি ও শোক দিবসের আলোচনা সভায়। (দৈনিক যুগান্তর, ৪ আগস্ট)

'ঈদের দিন কারো নামে কিছু বলতে চাই না। সকলে ভালো, সুন্দর থাকুক।'
খালেদা জিয়া, বিএনপি চেয়ারপারসন
ঈদের শুভেচ্ছা বিনিময়কালে সাংবাদিকদের। (প্রথম আলো, ১ আগস্ট)

'শোক দিবস পালন করুন বা না করুন ভুয়া জন্মদিন পালন করবেন না।'
মোহাম্মদ নাসিম, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী
সম্মিলিত আওয়ামী সমর্থক জোটের সমাবেশে। (দৈনিক ইনকিলাব, ২ আগস্ট)

'অনিয়ম ধরা পড়ছে তদারকি জোরদার করায়।'
ড. আতিউর রহমান, গভর্নর
আর্থিক খাত নিয়ে অর্থনীতিবিদদের নেতিবাচক মন্তব্যের সমালোচনা করে। (দৈনিক কালের কণ্ঠ, ৪ আগস্ট)

'ঈদে মুক্তিপ্রাপ্ত একটি ছবির নামও বাংলায় রাখা হয়নি।'
মিয়া আলাউদ্দীন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ চলচ্চিত্র প্রদর্শক সমিতি
ঈদে মুক্তিপ্রাপ্ত বাংলা চলচ্চিত্র প্রসঙ্গে। (প্রথম আলো, ২ আগস্ট)

'পুরো জাতি ধীরে ধীরে ধাবিত হবে মেধাহীনতার দিকে।'
আয়েশা আক্তার, ছাত্রী, সমাজকল্যাণ বিভাগ, ইডেন মহিলা কলেজ
প্রশ্নপত্র ফাঁস প্রসঙ্গে একটি দৈনিক পত্রিকায়। (দৈনিক ইত্তেফাক, ২ আগস্ট)

ঘোরা, পার্ক, উদ্যান আর চিড়িয়াখানার মতো বিনোদনকেন্দ্রে সপরিবার বা সবান্ধব ভিড় করার মতো নানা বিনোদনের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে ঈদ। তবে এ সময় সড়ক ও নৌ দুর্ঘটনায় হারিয়ে গেছে বেশ কিছুসংখ্যক প্রাণ।

স্বাস্থ্য

বেড়েছে শিশু অপুষ্টি

বিগত দুই বছরে দেশে শিশু অপুষ্টির হার বেড়েছে। ২০১১ সালে তীব্র অপুষ্টির শিকার শিশু ছিল ১৬ শতাংশ। ২০১৩ সালে তা বেড়ে দাঁড়ায় ১৮ শতাংশে। জাতীয় খাদ্যনীতি কার্যপরিকল্পনা ও দেশি বিনিয়োগ পর্যবেক্ষণ প্রতিবেদনে এ তথ্য দেয়া হয়েছে। 'পর্যবেক্ষণ প্রতিবেদন ২০১৪'-তে বলা হয়েছে, অপুষ্ট মা, বেকার বা কম উপার্জনের বাবা-মা, কম পারিবারিক আয়, শিশুকে বুকের দুধ না খাওয়ানো, অপর্যাপ্ত পয়ঃব্যবস্থা, খাদ্য নিরাপত্তাহীনতা– এসব কারণে অপুষ্টির ঝুঁকি বেড়েছে। প্রাপ্তবয়স্কদের মধ্যেও অপুষ্টির প্রকোপ অনেক বেশি।

অর্থনীতি

চীনে পণ্য রফতানিতে উল্লম্ফন

চীনে বাংলাদেশের পণ্য রফতানিতে এক বছরের ব্যবধানে বড় ধরনের উল্লম্ফন ঘটেছে। বিগত অর্থবছরে (২০১৩-১৪) চীনে বাংলাদেশি পণ্য রফতানির আয় দাঁড়িয়েছে ৭৪ কোটি ৬১ লাখ ডলার। তার আগের বছর (২০১২-১৩) চীনে পণ্য রফতানি করে বাংলাদেশের আয় হয়েছিল ৪৫ কোটি ৮১ লাখ ডলার। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) এই হালনাগাদ পরিসংখ্যানে দেখা যায়, গত অর্থবছরে চীনে বাংলাদেশ থেকে পণ্য রফতানি প্রায় ৬৩ শতাংশ বেড়েছে। পরিসংখ্যান বিশ্লেষণ করে আরো দেখা গেছে, চার বছরের ব্যবধানে চীনে বাংলাদেশি পণ্যের রফতানি চার গুণের বেশি বেড়েছে। চীন বাংলাদেশকে প্রায় পাঁচ হাজার পণ্যে অগ্রাধিকারমূলক প্রবেশাধিকার দিয়েছে। এসব পণ্য বর্তমানে চীনের মোট আমদানির ৬০ শতাংশ। ২০১০ সাল থেকে চীন ক্রমাগত এই সুবিধা বাড়িয়েছে। এসব পণ্যে ৩৫ শতাংশ স্থানীয় মূল্য সংযোজনের শর্তে শুল্কমুক্ত সুবিধা দেয়া হচ্ছে। চীনের বাজারে প্রধান রফতানি পণ্যগুলো হলো : নিট পোশাক ও ওভেন পোশাক, বস্ত্রসামগ্রী, চামড়া ও চামড়াজাত পণ্য, প্লাস্টিক, পাট ও পাটজাত পণ্য, এই সুবিধা দেয়া হয়েছে এশীয় প্রশান্ত মহাসাগরীয় বাণিজ্য চুক্তির (আপটা) আওতায়।

আইন-আদালত

সংগ্রাম সম্পাদকসহ চারজনকে তলব

বিচারাধীন বিষয়ে বক্তব্য দেয়ায় এবং তা প্রকাশ করায় জামায়াতে ইসলামীর মুখপত্র দৈনিক সংগ্রাম-এর সম্পাদকসহ চারজনের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগে রুল জারি করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। একই সঙ্গে তাদের ২০ আগস্ট ট্রাইব্যুনালে হাজির হয়ে ব্যাখ্যা দেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

সরকারি কর্মচারী আইন

সরকারের অনুমতি ছাড়া কোনো সরকারি কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে মামলা দায়ের বা গ্রেফতারের বিপক্ষে জোরালো অবস্থান নিয়েছে সচিব কমিটি। কাউকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে গ্রেফতার করা হলে তা প্রচলিত আইন ও সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক বলে মনে করে কমিটি। সচিব কমিটি সরকারি কর্মচারী আইন, ২০১৪-এর খসড়ায় এ বিষয়টি উল্লেখ করেছে। ৩ আগস্ট কমিটির সভায় এই খসড়া চূড়ান্ত করা হয়।

রাজনীতি

রিজভীর অভিযোগ

সরকার গণমাধ্যমকে বিভিন্ন নীতিমালা প্রণয়ন করে সরকারি খাঁচায় বন্দি করতে চাইছে বলে মন্তব্য করেছেন বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। ৪ আগস্ট বেলা ১১টায় নয়াপল্টনে বিএনপির দলীয় কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, এই সরকার অবৈধ, অনৈতিক ও অসুস্থ। এদের একমাত্র প্রতিষেধক হচ্ছে ব্যাপক গণ-আন্দোলনে উৎখাত করা। তিনি বলেন, বাকশালী শাসনের মতো ভিন্ন কৌশলে প্রচারমাধ্যমগুলোকে সরকারি যন্ত্রে পরিণত করার চেষ্টা করছে। গণমাধ্যমগুলো নিয়ন্ত্রণ করার এক সর্বনাশা পথে এগিয়ে চলছে সরকার। তিনি আরো বলেন, শেখ হাসিনা চিরদিনের জন্য ক্ষমতায় থাকার স্বপ্ন পূরণের জন্যই সংবিধানে পঞ্চদশ সংশোধনী সংযোজন করেন। তা ছাড়া তিনি তোবা গ্রুপের আন্দোলনরত শ্রমিকদের সঙ্গেও সংহতি প্রকাশ করেন।

সীমান্ত

সীমান্তে বেড়া দিচ্ছে মিয়ানমার

বাংলাদেশের স্থলসীমান্তে বেড়া দেয়ার কাজ শুরু করেছে মিয়ানমার। সম্প্রতি মিয়ানমারের সংসদ 'আমিওয়া লাতওয়া'য় এ তথ্য জানান দেশটির উপ-স্বরাষ্ট্রমন্ত্রী ব্রিগেডিয়ার জেনারেল কেও কেও তুন। এছাড়া দেশটির সীমান্ত পুলিশের সক্ষমতা বাড়ানোর জন্য একটি নতুন আইনও তৈরি হচ্ছে। নিরাপত্তা রক্ষায় বাংলাদেশের সীমান্তবর্তী মংডু ও বুথিংডু এলাকার গ্রামগুলোতে বেসামরিক রক্ষীবাহিনীকে (মিলিশিয়া) অস্ত্র প্রশিক্ষণ দেয়া হয়েছে। বাংলাদেশের সঙ্গে মিয়ানমারের ২০৭ দশমিক ১৬ কিলোমিটার স্থলসীমান্ত রয়েছে।